তারিখ ...30 DEC 2016...
পৃঃ ...২... কলাম...৪......

সংবাদ

# সদরপুর সর. ডিগ্রি কলেজে অতিরিক্ত ভর্তি ফি আদায়

**প্রতিনিধি, সদরপুর (ফরিদপুর)**

ফরিদপুরের সদরপুর উপজেলার সদরপুর সরকারি ডিগ্রী কলেজে অতিরিক্ত ফি নিয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করার অভিযোগ করার অভিযোগ পাওয়া গেছে । জানা যায় ,সরকারি নিয়ম নীতির তোয়াক্কা না করেই অতিরিক্ত ফি নিয়ে ছাত্র/ছাত্রী দের ভর্তি হতে বাধ্য করছে। অভিযোগ রয়েছে সরকার ঘোষিত নির্ধারিত পরিমাণ ফি এর পরিবর্তে ৪২ থেকে ৪৪শ; টাকা নিয়ে। ডিগ্রী ( সম্মান) শ্রেনীতে ভর্তি করিয়েছে ছাত্র/ছাত্রীদের। যা কিনা নির্ধাতি ফি এর চেয়ে প্রায় ২/৩ গুন বেশী। আর, এ অতিরিক্ত ফি আদায় নিয়ে , অভিভাবক ও শিক্ষার্থী দের মধ্যে তীব্র ক্ষোভ বিরাজ করলেও কলেজ কর্তৃপক্ষ নির্বিকার থাকছে .। এ দিকে যথা সময়ে ভর্তি হতে না, পারলে আরো বেশি জরিমানা দিতে হবে সে ভয়ে অনেকেই অতিরিক্ত ফি দিয়ে ভর্তি হয়েছে ।এ বছর সদরপুর ডিগ্রী কলেজে সম্মন শ্রেনীতে ভর্তি হতে যে পরিমান অতিরিক্ত অর্থ পেয়েছে তাতে করে অধ্যক্ষের পকেট বেশ ভারি হবে বলে, মনে করেন অনেক অভিভাবক। এ ছাড়া অপর দিকে একই কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেনীতে পরিক্ষার্থীর ফরম পুরন করতে ২৬৭৫থেকে প্রায় ২৯শ; টাকা পর্যন্ত নিচ্ছে বলে অভিযোগ রয়েছে ।ফরম পুরনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডেও সিদ্ধান্ত অনুযায়ী মফস্বল কলেজ গুলোতে নির্ধারিত ফি নেয়ার কথা থাকলেও নিচ্ছে অনেক বেশী। যা, কিনা অধ্যক্ষের রশিকতা হলেও অনেক শিক্ষার্থীর মরন দশা ।এ ছাড়া উচ্চ মাধ্যমিকে( ১মবর্ষে) ভর্তিও সময় প্রতি ছাত্র/ছাত্রীর নিকট থেকে বিভাগ ভেদে ৩ থেকে ৩৭শ; টাকা নিয়ে ভর্তি করিয়েছে ।সরকারী নিয়ম মেনে ভর্তি করার কথা থাকলেও সে নিয়ম সদরপুর ডিগ্রী কলেজের জন্য প্রযোজ্য নহে বলেই ধারনা অনেকের ।সদরপুর ডিগ্রী কলেজে উচ্চমাধ্যমিক শ্রেনীতে, ৩ বিভাগ প্রায় ৮০০ জন ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে ।চলতি উচ্চ মাধ্যমিক পরিক্ষার ফরম পুরনে২৭ থেকে ২৯শ; টাকা নিচ্ছে। এছাড়া কলেজের আভ্যন্তীন উন্নউন বা কৃত কাজের ব্যাপারেও অনেক অসংগতি দেখা যায়। যা কাজের ভাউচারের সাথে বাস্তব কাজের কোন মিল নেই ।যে সব ঘটনা সঠিক ভাবে তদন্ত করলে বেরিয়ে আসতে পারে অনেক রহস্য। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষের কাছে জানতে চাইলে তিনি বিভিন্ন মহলকে নিয়ে কথা বলেন এবং তিনি উচ্চ স্বরে প্রতিবেদককে বলেন, আমি আপনাদেও মত অনেক সাংবাদিককে আমি চিনি ,।আমার হাত অনেক অনেক বড় লম্বা ,হয়তো আপনাদেও জানা নেই,আমি আপনাদের কাছে কোন প্রকার তথ্য দিতে বাধ্য নই। আপনারা যা, কিছু পারেন লিখে দিতে পারেন, এতে আমার কিছু যায়, আসে না।